

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নুরুল ইসলাম

১০৪. গোসল ফর্য হলে গোসলের পূর্বে কী কী কাজ নিষিদ্ধ?

যার উপর গোসল ফর্য তার জন্য পবিত্র হওয়ার পূর্ব পর্যন্ত নিম্ন বর্ণিত পাঁচটি কাজ করা নিষেধ।

১. সালাত আদায় করা

আল্লাহ তাআলা বলেন, "হে ইমানদাররা, নেশাগ্রস্ত অবস্থায় তোমরা সালাত আদায় করো না, যতক্ষণ না পর্যন্ত তোমরা বুঝতে পার যে, তোমরা নামাযে কী বলছ । তাছাড়া বড় নাপাকি হয়ে গেলে গোসল না করে সালাত আদায় করো না।" (সূরা ৪; নিসা ৪৩)

২. কুরআন কারীম স্পর্শ করা

ইবনে ওমর (রা) বর্ণনা করেন যে, 'পবিত্র না হয়ে কুরআন কারীম স্পর্শ করবে না।' (দারা কুতনী: ৪৩১)

৩. কুরআন তিলাওয়াত করা

আলী (রা) বলেন যে, "রাসূলুল্লাহ (স) সদাসর্বদা আমাদেরকে কুরআন পড়িয়েছেন, তবে যখন বড় নাপাকি অবস্থায় থাকতেন সে সময় ছাড়া।" (তিরমিযী: ১৪৬, আহমদ: ১০১৪)।

৪. মসজিদে অবস্থান

আয়েশা (রা) থেকে বর্ণিত, রাসূল (স) বলেছেন, "হায়েযওয়ালী নারী ও গোসল ফরয এমন নাপাক ব্যক্তির জন্য মসজিদে যাওয়া বৈধ করি না। (আবু দাউদ: ২৩২)।" তবে মসজিদের ভেতর দিয়ে অন্য কোথাও যেতে চাইলে তা বৈধ।

৫. কাবা ঘর তাওয়াফ করা

রাসূলুল্লাহ (স) বলেছেন, অর্থাৎ আল্লাহর ঘর কাবায় তাওয়াফ করা নামায আদায় তুল্য ৷' (নাসাঈ: ২৯২০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12841

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন